দৈনিক ইত্তেফাক

শিক্ষা তথ্য ও পরি... বাংলাদেশ
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 11 MAY 1984 ...
পৃষ্ঠা ... 12 কলাম 4 ...

# আধুনিক প্রযুক্তি আহরণ ও ব্যবহারে সরকার দৃঢ় প্রতিজ্ঞ

—শিক্ষামন্ত্রী

শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকার দেশে শিল্পোন্নয়নের গতিকে ত্বরান্বিত করার লক্ষ্যে আধুনিক প্রযুক্তি আহরণ এবং ব্যবহারে দৃঢ়প্রতিজ্ঞ।

মন্ত্রী গতকাল সকালে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে 'বাংলাদেশে শিল্পোন্নয়নের লক্ষ্যে প্রযুক্তি পরিকল্পনা' শীর্ষক ফোরামের সাংগঠনিক কমিটির সভায় ভাষণ দিতেছিলেন।

তিনি বলেন, বাংলাদেশকে অর্থনৈতিক দিক হইতে স্বনির্ভর করা এবং কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করার জন্য ব্যাপক শিল্পোন্নয়নের কোন বিকল্প নাই। এ জন্যই বর্তমান সরকার দেশী-বিদেশী বিনিয়োগকারীদের নূতন শিল্পনীতির মাধ্যমে ব্যাপক বিনিয়োগের সুযোগ করিয়া দিয়াছে।

তথ্য সচিব আ,ন,ম. ইউসুফ, শিল্প সচিব এ,কে,এম, মোশাররফ হোসেন এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব আহমেদ ফরিদও সভায় বক্তৃতা করেন।

প্রসংগতঃ উল্লেখ্য যে, ১৪ থেকে ১৮ই মে ঢাকার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে পাঁচদিনব্যাপী উক্ত ফোরাম অনুষ্ঠিত হইবে।

## আজ শিক্ষামন্ত্রীর ইসলামাবাদ যাত্রা

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ইসলামী সম্মেলন সংস্থার বিজ্ঞান ও প্রযুক্তি সহযোগিতা বিষয়ক স্থায়ী কমিটির মন্ত্রী পর্যায়ের ৪র্থ বৈঠকে যোগদানের জন্য আজ ইসলামাবাদের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করিবেন। ১৩ই মে বৈঠক শুরু হইবে।

—তথ্য বিবরণী।